গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
উন্নয়ন সমন্বয় শাখা
www.cabinet.gov.bd

২৭ পৌষ ১৪২২

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৭২২.১৪.০৩৫.১৫.৫১ তারিখ:---------------------

১০ জানুয়ারি ২০১৬

**বিষয়: সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি ফোকাল পয়েন্ট সংক্রান্ত।**

মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের নেতৃত্বাধীন সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির গত ৩০ ডিসেম্বর ২০১০ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের অনুবর্তীক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের অনুরোধের প্রেক্ষিতে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নিজ নিজ মন্ত্রণালয়/বিভাগের একজন কর্মকর্তাকে 'সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি ফোকাল পয়েন্ট' এবং অপর একজন কর্মকর্তাকে বিকল্প ফোকাল পয়েন্ট হিসাবে মনোনয়ন প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সমন্বয়ে একাধিক গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়েছে এবং তাঁরা এ বিষয়ে তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করে আসছেন। মন্ত্রিপরিষদ কর্তৃক জুলাই ২০১৫-এ বাংলাদেশের জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল, ২০১৫ (National Social Security Strategy of Bangladesh, 2015) অনুমোদিত হয়। উক্ত কৌশল বাস্তবায়নের ক্ষেত্রে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি ফোকাল পয়েন্ট কর্মকর্তাদেরকে অধিকতর সক্রিয় ভূমিকা পালন করা প্রয়োজন।

০২। এ পরিপ্রেক্ষিতে, সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি ফোকাল পয়েন্ট সংক্রান্ত যাবতীয় কার্যক্রমে নিম্নলিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হল:

(ক) <u>সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি ফোকাল পয়েন্ট:</u> সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সমন্বয়ে সহযোগিতা এবং এতদসংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় যোগাযোগ রক্ষার নিমিত্ত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটিভুক্ত প্রতিটি মন্ত্রণালয়ে ন্যূনতম যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তাকে 'সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি ফোকাল পয়েন্ট' হিসাবে মনোনয়ন প্রদান করতে হবে। ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সার্বিক সহযোগিতা প্রদান এবং তাঁর অনুপস্থিতিতে ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালনের লক্ষ্যে যুগ্ম-সচিব অথবা উপসচিব পদমর্যাদার অপর একজন কর্মকর্তাকে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসাবে মনোনয়ন প্রদান করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) উক্ত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ফোকাল পয়েন্ট হিসাবে মনোনীত হবেন।

(খ) <u>ফোকাল পয়েন্ট-এর কার্য-পরিধি:</u>

(১) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ২০১৫ বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ-ভিত্তিক সুনির্দিষ্ট কর্মকৌশল প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ;

(২) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির সুবিধাভোগী নির্বাচন, বাস্তবায়ন অগ্রগতি ও বাজেট সংক্রান্ত যাবতীয় তথ্য সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থার নিকট হতে সংগ্রহকরণপূর্বক নির্ধারিত ছকে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;

(৩) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ২০১৫-এর বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ ও অবহিতকরণমূলক কার্যক্রম গ্রহণ;

(৪) সামাজিক নিরাপত্তা বেষ্টনী সংক্রান্ত বিষয়ভিত্তিক কর্মসূচি গুচ্ছ কমিটির সভায় অংশগ্রহণ;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

(৫) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত বিভিন্ন গবেষণা, প্রশিক্ষণ এবং আন্তর্জাতিক অভিজ্ঞতা বিনিময় কার্যক্রমে অংশগ্রহণ; এবং

(৬) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত যাবতীয় কার্যক্রমে মন্ত্রণালয়/বিভাগের পক্ষে সমন্বয়কের দায়িত্ব পালন।

(ঘ) ফোকাল পয়েন্ট মনোনয়ন: এ নির্দেশনা জারির ০৭ কার্যদিবসের মধ্যে অনুচ্ছেদ ০২ (ক) অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগসমূহ ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়নপূর্বক তাঁদের বিস্তারিত যোগাযোগ তথ্যাবলি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

(ঙ) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি ফোকাল পয়েন্ট কমিটি: ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের কার্যক্রম সমন্বয়ের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার)-এর নেতৃত্বে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি ফোকাল পয়েন্ট কমিটি গঠিত হবে। এ কমিটি সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

০৩। বর্ণিতাবস্থায়, পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য এটি নির্দেশক্রমে প্রেরণ করা হল।

২০/০২/১৬

মো: আশফাকুল আমিন মুকুট
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৪২৫
ইমেইল:
dc_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ।
২. সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
৩. সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।
৪. সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়।
৫. সচিব, শিল্প মন্ত্রণালয়।
৬. সচিব, খাদ্য মন্ত্রণালয়।
৭. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়।
৮. সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৯. সচিব, ভূমি মন্ত্রণালয়।
১০. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
১২. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
১৩. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৪. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১৫. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৬. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৭. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
১৮. সচিব, পরিকল্পনা বিভাগ।
১৯. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২০. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
২১. সচিব, কৃষি মন্ত্রণালয়।
২২. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
২৩. সচিব, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

২৪. সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
২৫. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।
২৬. সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২৭. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
২৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
২৯. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৩০. ভারপ্রাপ্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

২৭ পৌষ ১৪২২

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৭২২.১৪.০৩৫.১৫.৫১/১(৫) তারিখ:--------------------

১০ জানুয়ারি ২০১৬

সদয় অবগতি ও কার্যার্থে:

১. ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ।
২. অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ।
৩. উপসচিব (উন্নয়ন সমন্বয় ও নিকার),মন্ত্রিপরিষদ বিভাগ।
৪. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৫. ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ মহোদয়ের একান্ত সচিব।

১০/০১/১৬

মো: অশিফাকুল আমিন মুকুট
সিনিয়র সহকারী সচিব